**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৭৪

তারিখ: ২২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৭৬তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৭৬তম কমিশন সভা অদ্য ০৭/১০/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

কমিশন অদ্যকার সভায় 'Dhaka Stock Exchange(Settlement of Dispute) Regulations, 2025' এবং 'Chittagong Stock Exchange(Settlement of Dispute) Regulations, 2025' এর অনুমোদন প্রদান করেছে।

উহা স্টক এক্সচেঞ্জে প্রেরণ করা হবে এবং স্টক এক্সচেঞ্জ সরকারি গেজেটে প্রকাশের মাধ্যমে উহা কার্যকর করবে। বিনিয়োগকারীদের সাথে স্টক ব্রোকার, স্টক ডিলার, ইস্যুয়ার কোম্পানিসমূহের মধ্যে সৃষ্ট বিরোধ (dispute) বা অভিযোগ উল্লেখিত প্রবিধানমালার আওতায় মধ্যস্থতা (mediation) ও সালিশি (arbitration) এর মাধ্যমে নিষ্পত্তি করা যাবে। এর ফলে বিনিয়োগকারীদের সাথে স্টক ব্রোকার, স্টক ডিলার, ইস্যুয়ার কোম্পানিসমূহের মধ্যে সৃষ্ট বিরোধসমূহ জটিল ও সময়সাপেক্ষ আইনী প্রক্রিয়া ও এনফোর্সমেন্ট কার্যক্রম ছাড়াই অধিকতর দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তি বা সমাধান হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

০৭/১০/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র